



EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়নে সহযোগীতাই আমাদের লক্ষ্য)

তারিখ : ০২/১০/২০২৪

বরাবর

মাননীয় উপদেষ্টা প্রফেসর ড: আসিফ নজরুল

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অনুলিপি প্রেরন :

জনাব মো: সরোয়ার আলম

মাননীয় উপদেষ্টার একান্ত সচিব

বিষয় : ২০২৩-২০২৪ সালে ইতালী সরকারের প্রদত্ত প্রায় একলাখ দশ হাজার ওয়ার্ক পারমিট এর বিপরিতে অভিবাসন প্রত্যাঙ্গী কর্মীদের ভিসা প্রদানে ইতালী দূতাবাসের কর্ম সক্ষমতা বৃদ্ধিতে ও ভিসা প্রদানের কাজ সহজ করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনে আইনী সহায়তা প্রদানের প্রস্তাব বাস্তবায়ন প্রসঙ্গে।

জনাব

আসসালামুয়ালাইকুম।

আপনি অবগত আছেন, ইতালী কাজের ভিসা ও অভিবাসন প্রক্রিয়ায় একলাখ দশ হাজার কর্মীদের ভাগ্য নির্ধারনে ভিসা সমস্যা আসু সমাধান প্রবাসীদের জন্য দেশে ও বিদেশে আইনী সহায়তা প্রদান প্রসঙ্গে আপনার কাছে বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি, বাংলাদেশ মাইগ্রেশন ডেভেলপমেন্ট ফোরাম ও ইতালবাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি এক সভায় গত ২৬/০৮/২০২৪ প্রস্তাব গৃহিত আইনী সহায়তার কর্মপ্রক্রিয়ার কপি আপনার সদয় অবগতির জন্য প্রেরন করা হয়েছে।

ইতালী কাজের ভিসা ও অভিবাসন প্রক্রিয়ায় বর্তমানে ঢাকায় একলাখ দশ হাজার ভুক্তভুগি ভিসা প্রার্থী কর্মীগন আগামী ৭ই অক্টোবর মাননীয় প্রধান উপদেষ্টা ড: প্রফেসর মোহাম্মদ ইউনুস বরাবর তাদের দাবী উপস্থাপন ও সমাধানের লক্ষ্যে একটি মানব বন্ধন কর্মসূচি গ্রহন করেছে। আমরা মনে করি আমাদের প্রস্তাবনা গ্রীহিত ও বাস্তবায়িত হলে ইতালী প্রবাসীদের সমস্যা লাগবে কার্জকরি সমাধান হতে পারে। এই বিষয়ে জরুরী ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন।

২০২৩-২০২৪ সালে ইতালী সরকারের প্রদত্ত প্রায় একলাখ দশ হাজার ওয়ার্ক পারমিট এর বিপরিতে অভিবাসন প্রত্যাঙ্গী কর্মীদের ভিসা প্রদানে ইতালী দূতাবাসের কর্ম সক্ষমতা বৃদ্ধিতে ও ভিসা প্রদানের কাজ সহজ করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনে আইনী সহায়তা প্রদানের প্রস্তাব বাস্তবায়নের মাধ্যমে ভুক্তভুগিদের সহায়তা প্রদানের মাধ্যমে একটি কার্জক্রমের সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহনে জন্য বিনীত আবেদন জানাচ্ছি।

এলক্ষ্যে জরুরী ভিত্তিতে আপনার সাক্ষাত কামনা করছি।

বিনীত নিবেদনে।

শাহ মোহাম্মদ তাইফুর রহমান।

নির্বাহী পরিচালক

বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি